

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪- ৪২৪

তারিখ : ১৯ চৈত্র ১৪২৩বাং
০২ এপ্রিল, ২০১৭খ্রিঃ

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ১০,০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য প্রেরিত কর্মপরিকল্পনা অনুযায়ী এপ্রিল/২০১৭খ্রিঃ মাসের স্ব-স্ব কার্যালয়ের নির্ধারিত বায়োগ্যাস প্লান্ট স্থাপনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসংগে।

- ০১। উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।
- ০২। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত) [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2) (1st Revised)]-শীর্ষক প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থবছরের প্রকল্পভূক্ত ৬৬টি উপজেলার বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মোট লক্ষ্যমাত্রা ১০,০০০(দশ হাজার)টি। প্রকল্পের এ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বৎসরের শুরুতেই উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাসহ প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। কেন্দ্রীয় ও আঞ্চলিক পর্যায়ের সকল কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে বেশ কয়েকটি মতবিনিময় সভা করেও প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। প্রকল্পের সকল কার্যালয় থেকে স্ব-স্ব কার্যালয়ের মাস ভিত্তিক বায়োগ্যাস প্লান্ট স্থাপনের কর্মপরিকল্পনা ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত কর্মপরিকল্পনা পর্যালোচনায় দেখা যায়, এপ্রিল/২০১৭খ্রিঃ মাসে ৬৬টি উপজেলায় মোট ১৫৫১টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা হবে উল্লেখ রয়েছে। উল্লেখ্য মাঠ পর্যায়ের রিপোর্ট মতে ২০১৬-২০১৭ অর্থবছরের মার্চ/২০১৭খ্রিঃ মাস পর্যন্ত ৪৮০৩টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ১০,০০০(দশ হাজার)টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের নিমিত্তে অবশিষ্ট ০৩(তিন) মাসে ৪৭০৫টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে। বর্ণিত অবস্থায় অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রত্যেক কার্যালয়ের কর্মপরিকল্পনা অনুযায়ী এপ্রিল/২০১৭খ্রিঃ মাসের নির্ধারিত বায়োগ্যাস প্লান্ট স্থাপন অবশ্যই বাস্তবায়ন করতে হবে। নতুবা চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। ফলে কর্তৃপক্ষকে বিব্রতকর অবস্থায় পড়তে হবে। কর্তৃপক্ষ আশা করছে, এপ্রিল/২০১৭খ্রিঃ মাস শেষে সংগৃহীতব্য রিপোর্ট সন্তোষজনক হবে, ক্ষেত্র বিশেষে কোন কোন কার্যালয় নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়েও বেশী সংখ্যক বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে সক্ষম হবে।
- ০৪। এ অবস্থায় ২০১৬-২০১৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ১০,০০০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের জন্য প্রেরিত কর্মপরিকল্পনা অনুযায়ী এপ্রিল/ ২০১৭খ্রিঃ মাসের স্ব-স্ব কার্যালয়ের নির্ধারিত বায়োগ্যাস প্লান্ট স্থাপনের কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
----- উপজেলা
-----জেলা।

Munir, ২.০৪.২০১৭
(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২

E-mail:pdimpactphase2dyd@gmail.com

বিতরণ :

সদয় অবগতি ও কার্যার্থে

- ০১। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সংশ্লিষ্ট) জেলা।
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- (সংশ্লিষ্ট) উপজেলা-----জেলা।
- ০৮। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার(সকল), ইমপ্যাক্ট (ফেজ- ২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ----- (সংশ্লিষ্ট) উপজেলা-----জেলা।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক / কমিউনিটি সুপারভাইজার(সকল), ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ----- (সংশ্লিষ্ট) উপজেলা-----জেলা।